

শ্রীরামকৃষ্ণ আশ্রম ইনসিটিউট

শ্রেণি: তৃতীয়

বিষয়: ক্রিয়ার কাল

১|ক্রিয়ার কাল কাকে বলে?

উঃ কোনো কাজ যে সময়ে ঘটে তাকে ক্রিয়ার কাল বলে।

২|ক্রিয়ার কাল কয় প্রকার ও কী কী?

উঃক্রিয়ার কাল তিনি প্রকার। যথা-

ক) বর্তমান কাল

খ) অতীত কাল

গ) ভবিষ্যৎ কাল।

৩|বর্তমান কাল কাকে বলে? উদাহরণ দাও:

উঃ যে কাজ এখন ঘটছে বা সবসময় ঘটে তাকে বলে বর্তমান কাল।

উদাহরণ: ১|ছেলেটি এখন ছবি আঁকছে।

২|সূর্য পূর্বদিকে ওঠে।

৪|অতীত কাল কাকে বলে? উদাহরণ দাও:

উঃ যে কাজ আগে ঘটে গিয়েছে তাকে বলে অতীত কাল।

উদাহরণ: ১|আমরা গতকাল চিড়িয়াখানায় গিয়েছিলাম।

৫|ভবিষ্যৎ কাল কাকে বলে? উদাহরণ দাও:

উঃ যে কাজ পরে ঘটবে তাকে বলে ভবিষ্যৎ কাল।

উদাহরণ: ১|ছেলেরা মাঠে ফুটবল খেলবে।

৬|পার্থক্য লেখো:

ক) ক্রিয়াপদ ও ক্রিয়ার কাল

ক্রিয়াপদ

১|বিশেষ ও সর্বনাম পদের

থাকা, হওয়া, কাজ করা

বোঝালে সেটি হয় ক্রিয়াপদ।

২|উদাঃ লিখি, পড়ি, খেলি-

ইত্যাদি।

ক্রিয়ার কাল

১|কাজের সময় অনুযায়ী

ক্রিয়াপদের রূপের পরিবর্তনই

হলো ক্রিয়ার কাল।

২|উদাঃ আমি বিদ্যালয়ে

গিয়েছিলাম। (অতীতকাল)

খ) বর্তমান কাল ও ভবিষ্যৎ কাল

বর্তমান কাল

- ১|যে কাজ এখন ঘটছে
বা সবসময় ঘটে সেটি
বর্তমান কাল।
- ২|উদাঃআমি এখন
বাংলা পড়ছি।

ভবিষ্যৎ কাল

- ১|যে কাজ পরে ঘটবে
সেটি ভবিষ্যৎ কাল।
- ২|উদাঃআমি পরে বাংলা পড়বো।

গ) বর্তমান কাল ও অতীত কাল

বর্তমান কাল

- ১|যে কাজ এখন ঘটছে
বা সবসময় ঘটে সেটি
বর্তমান কাল।
- ২|উদাঃশিক্ষক মহাশয়
ইতিহাস পড়াচ্ছেন।

অতীত কাল

- ১|যে কাজ আগে ঘটে
গিয়েছে সেটি অতীত কাল।
- ২|উদাঃশিক্ষক মহাশয় ইতিহাস
পড়াচ্ছিলেন।

ঘ)অতীত কাল ও ভবিষ্যৎ কালের পার্থক্য লেখো(ছাত্রছাত্রীরা নিজ সক্ষমতায় লিখবে)।

